



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/ ২০২০

তারিখঃ ২০/০৯/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ৩০/০৯/২০১৬ তারিখ শুক্রবার ৭টি বিভাগীয় শহরের সরকারি কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-৩৭.০০.০০০০.০৮৫.৯২.০০৯.১৫(অংশ)-১৩২৮; তারিখঃ ১৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ
২) নং-৩৭.০০.০০০০.০৬৭.০২.০৮৮.২০১৫-১০৭৮; তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০.০৯.২০১৬খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ০৯.৩০ হতে ১১.৩০ পর্যন্ত ৭টি বিভাগীয় শহরের প্রায় ১৯০টি সরকারি কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে “৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬” একযোগে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে ও সময়ে যাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে বিভাগীয় শহরসমূহের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সূত্রোক্ত স্মারকসমূহে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদরাসার মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষার কাজে নির্ধারিত মাদরাসাসমূহকে উল্লিখিত তারিখে ও সময়ে কোনরূপ কর্মসূচি না রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬

২০/০৯/২০১৬

প্রাপকঃ সুপার/অধ্যক্ষ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর অধিভুক্ত সংশ্লিষ্ট মাদরাসাসমূহ।

নং- বামাশিবো/সংস্থাপন/ ২০২০(৭)

তারিখঃ ২০/০৯/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাদরাসা) মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব আবু কায়সার খান, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, সহকারী সচিব (মাদরাসা-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

২০/০৯/২০১৬